অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ড রেলরোড এর গ্র্যান্ড সেন্ট্রাল পর্যন্ত পরীক্ষামূলক যাত্রার মাধ্যমে পূর্ব পাশের অ্যাক্সেস মাইলফলক চিহ্নিত করেছেন

পূর্ব পাশ 2022 সালের ডিসেম্বর মাসে আনুষ্ঠানিকভাবে খুলবে যা ম্যানহাটনের পূর্ব পাশে যাত্রারত লং আইল্যান্ড ও কুইন্সের যাত্রীদের জন্য দ্রুততর, সরাসরি সেবা নিয়ে আসবে

বর্ধিত রেল ধারণক্ষমতা ট্রেন, সাবওয়ে এবং পেন স্টেশনে ভিড় কমাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) সাথে গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) পর্যন্ত বিশেষ একটি লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) পরীক্ষামূলক ট্রেন যাত্রায় যোগ দেন এবং জনগণকে সেখানকার নতুন 350,000 বর্গফুটের ইস্ট সাইড অ্যাক্সেস (East Side Access) যাত্রী টার্মিনালের প্রথম ঝলক প্রদান করেন। এটি 1950 এর দশকের পর মার্কিন যুক্তরাষ্ট্রে নির্মিত বৃহত্তম নতুন ট্রেন টার্মিনাল এবং 100 বছরেরও বেশি সময়ের মধ্যে LIRR-এর প্রথম সম্প্রসারণ। LIRR এর তৃতীয় ট্র্যাক প্রকল্পের সাথে মিলে, নতুন সংযোগটি প্রতি ঘণ্টায় 24টি পর্যন্ত ট্রেন দ্বারা ম্যানহাটনে LIRR-এর ধারণক্ষমতা দ্বিগুণ করবে এবং কুইন্স এবং লং আইল্যান্ডের যাত্রীদের পূর্বদিকে ভ্রমণের সময় প্রতিদিন 40 মিনিট কমিয়ে দেবে। এছাড়াও এটি ট্রেন, পেন স্টেশন এবং সাবওয়েতে যাত্রী বিক্ষিপ্ত করে দেওয়ার মাধ্যমে ভিড় কমাবে এবং যাত্রীদের কুইন্স ও লং আইল্যান্ডের বিভিন্ন গন্তব্য থেকে সরাসরি গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালে যেতে দিবে। যত্ন রেল রুট ও কনকোর্স 2022 সালের ডিসেম্বর মাসে আনুষ্ঠানিকভাবে খুলে দেওয়া হবে।

"আমরা যখন মহামারী-পরবর্তী ভবিষ্যতের দিকে যাচ্ছি, তখন ইস্ট সাইড অ্যাক্সেস কনকোর্সটি আধুনিক পরিবহন সিস্টেমের একটি মডেল," **গভর্নর হোকল বলেন।** "গত অর্ধ দশকের বেশি সময়ের মধ্যে নির্মিত প্রথম আধুনিক ট্রেন টার্মিনাল হিসেবে, ইস্ট সাইড অ্যাক্সেস কনকোর্সটি রেলসেবা সম্প্রসারণ করবে, কুইন্স ও লং আইল্যান্ড থেকে পূর্ব ম্যানহাটনে যাত্রা সময় কমিয়ে আনবে এবং ভিড় কমাবে। মহামারী থেকে পুনরুদ্ধারে নিউ ইয়র্কের নেতৃত্ব প্রদানের এটি আরেকটি উদাহরণ, এবং আমি 2022 সালের ডিসেম্বর মাসে ইস্ট সাইড অ্যাক্সেস কনকোর্স ও রুট সম্পূর্ণভাবে খুলে দেওয়ার জন্য উন্মুখ।"

MTA ভারপ্রাপ্ত প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "ইস্ট সাইড অ্যাক্সেস প্রকল্পটি লং আইল্যান্ড ও কুইন্স থেকে উত্তর আমেরিকার সর্বাধিক কর্ম ঘনত্বের স্থান, পূর্ব ম্যানহাটনে যাত্রীদের জন্য দ্রুততর সরাসরি সেবা প্রদান করবে। স্মার্ট ট্রানজিট-মুখী নির্মাণটি অর্থনৈতিক বিকাশ আনবে, মেট্রো-নর্থ রেলরোডে আরো ভালো সংযোগ প্রদান করবে এবং অটোমোবাইল হ্রাস করে অঞ্চলের বায়ুর মান উন্নত করবে।"

LIRR প্রেসিডেন্ট ফিল ইং বলেন, "এটি একটি নিখুঁত সমন্বয় যে গভর্নর হোকল আজকে এখানে আমাদের সাথে আছেন কারণ তিনি নিউ ইয়র্কের ভবিষ্যৎ উন্নত ও উদ্ভাবনের নেতৃত্ব দিয়ে থাকেন এবং MTA এখন LIRR ইতিহাসের নতুন অধ্যায়ে প্রবেশ করার সব থেকে কাছে চলে গেছে। আমি তার নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ এবং সকল লং আইল্যান্ডবাসীর জন্য গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল পর্যন্ত নতুন সেবা দানে ইস্ট সাইড প্রকল্প প্রদানে সাহায্য করতে LIRR এর ভূমিকা নিয়ে গর্বিত। 2022 সালে, আমরা ম্যানহাটনের পূর্ব পাশে আমাদের যাত্রীদের জন্য কেন আরো বিকল্পই প্রদান ক আরব না, বরং বিদ্যমান গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের নিচে তাদেরকে অত্যাধুনিক ফ্যাসিলিটি প্রদান করবো। দূষণ হ্রাস এবং জনগণকে তাদের গাড়ি থেকে বের করে লং আইল্যান্ড ও নিউ ইয়র্ক সিটিতে কাজে পৌঁছানোর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে উদ্দীপ্ত করার ক্ষেত্রে LIRR নেতৃত্ব দিয়ে যাচ্ছে।"

গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের ইস্ট সাইড কনকোর্সে রয়েছে একটি 350,000 বর্গফুট LIRR যাত্রী কনকোর্স যা সড়ক পর্যায়ের ঠিক নিচে অবস্থিত এবং এটি ম্যাডিসন অ্যাভিনিউতে নতুন প্রবেশপথ, 25টি খুচরা দোকানের মুখ, ওয়াইফাই, সেল সার্ভিস, নতুন শিল্প ইনস্টলেশন এবং বাস্তব-সময়ের ট্রেন তথ্যসহ ডিজিটাল সাইনেজ প্রদান করবে। শুধু MTA এর পুরানো সদরদপ্তর পুনর্গঠনের অংশই হিসেবে 45তম স্ট্রিটে নির্মাণরত 347 ম্যাডিসন অ্যাভিনিউয়ের প্রবেশপথ দৈনিক 10,000 মানুষকে সেবা প্রদান করবে বলে ধারণা করা হচ্ছে।

সতেরোটি হাই-রাইজ এস্কেলেটর, যার দৈর্ঘ্য 182 ফুট এবং যা MTA সিস্টেমের মধ্যে দীর্ঘতম, যাত্রীদের নতুন বিশ্বমানের কনকোর্স এবং পার্ক অ্যাভিনিউয়ের 140 ফুট নিচে ট্রেন টার্মিনাল মেজাইনের সাথে যুক্ত করবে। অন্যদিনে মেজাইনটি উপরের ট্রেন লেভেলে যায় যেখানে ও চারটি ট্র্যাক রয়েছে এবং একটি নিচের ট্রেন লেভেলে যায় যেখানে একইভাবে দুইটি প্ল্যাটফর্ম ও চারটি ট্র্যাক রয়েছে।

ট্রেনগুলি একটি নতুন সক্রিয় সুড়ঙ্গ থেকে কনকোর্সে প্রবেশ করবে যা 63 তম স্ট্রিটে ইস্ট রিভারের নিচে যাওয়ার সময় দুটি ট্র্যাক বহন করে। তারপরে দুটি ট্র্যাক চারটিতে ভাগ হয়ে যায়, তারপরে দুটি স্তরে আটটিতে ভাগ হয়।

কুইন্সে, ক্রুরা 300টি রেল বগির জন্য জায়গা সহ একটি নতুন ইয়ার্ড তৈরি করেছে, এবং উত্তর আমেরিকার ব্যস্ততম যাত্রী রেলপথ মোড় হ্যারল্ড ইন্টারলকিংকে সম্পূর্ণরূপে আপডেট করেছে, যার মধ্যে রয়েছে 97টি নতুন ট্র্যাক সুইচ স্থাপন, 295টি খুঁটি যা অ্যামট্র্যাক দ্বারা ব্যবহৃত ওভারহেড তারবহন করে, পাঁচটি নতুন ইস্পাত রেলপথ সেতু, এবং 8,445 ফুট ধারণকারী দেয়াল। সামগ্রিকভাবে, প্রকল্পটিতে 40 মাইলেরও বেশি নতুন ট্র্যাক, প্রায় 13 মাইল নতুন খনন করা সুড়ঙ্গ, 44টি ভেন্টিলেশন ফ্যান, 550 মাইল কেবল এবং 975টি নিরাপত্তা ক্যামেরা, 15টি

ওভারহেড গ্যান্ট্রি রয়েছে যা ট্রেন নিয়ন্ত্রণ সংকেত প্রদর্শন করে এবং সিগন্যাল সিস্টেম উপাদান যুক্ত ট্র্যাকের পাশে 14টি হাট অন্তর্ভুক্ত রয়েছে।

মূলত 1960 এর দশকে কল্পনা করা, প্রকল্পটি 1990 এর দশকে কুইন্স এবং ম্যানহাটনে আন্তরিকভাবে কাজ শুরু করে 2006 সালে বিকশিত হয়েছিল। ইস্ট সাইড অ্যাক্সেস ঠিকাদাররা বছরের পর বছর ধরে বেশ কয়েকটি প্রকৌশলের কৃতিত্ব অর্জন করেছে, যার মধ্যে রয়েছে গ্র্যান্ড সেন্ট্রালের অধীনে রেল কার্যক্রমে সীমিত প্রভাব সহ বিস্ফোরণ, নর্দার্ন বুলেভার্ড এবং কুইন্স-এর উঁচু এবং ভূগর্ভস্থ পাতাল রেল উভয়ের অধীনে খনন এবং উত্তর আমেরিকার ব্যস্ততম ট্রেন ইন্টারলকিং হ্যারল্ড ইন্টারলকিং-এর ক্ষমতা সম্প্রসারণ।

পেন স্টেশনে ভিড় থেকে মুক্তি ছাড়াও, ইস্ট সাইড অ্যাক্সেস ইস্ট সাইডের ব্যবসায়িক কেন্দ্রগুলিতে একটি নতুন লিঙ্ক সরবরাহ করে এবং গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের চারপাশে চাকরির প্রবৃদ্ধিকে সমর্থন করে বিশ্ব অর্থনীতিতে নিউ ইয়র্কের প্রতিযোগিতামূলক অবস্থান বাড়িয়ে তুলবে। প্রকল্পটি সম্পূর্ণ হলে হ্যারল্ড ইন্টারলকিং-এর মাধ্যমে অপারেশনাল দক্ষতা ব্যাপকভাবে উন্নত হবে, যা উত্তর-পূর্ব করিডর জুড়ে ভ্রমণকারীদের উপকৃত করবে। প্রথমবারের মতো, ADDRD ট্র্যাক নিউ ইয়র্ক সিটি থেকে লং আইল্যান্ডে বিপরীত যাতায়াত এই অঞ্চলের জন্য একটি বাস্তবসম্মত বিকল্প হবে এবং পূর্ব মিডটাউন এবং মেট্রো-নর্থ রেলপথ গ্রাহকদের লং আইল্যান্ড রেল রোড এবং জামাইকা এয়ারট্রেন হয়ে জেএফকে বিমানবন্দরের সাথে সংযোগ স্থাপন করতে সক্ষম হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন